

মুগ্ধিয়

যৌন নিপীড়ন প্রতিরোধে ঢাবি ছাত্রলীগের পোস্টার উন্মোচন

👤 ঢাবি প্রতিনিধি

⌚ ২৩ মার্চ ২০২৩, ১৫:১৭:১৪ | অনলাইন সংক্ষরণ



ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের উদ্যোগে সেক্সুয়াল হ্যারেসমেন্ট এবং স্তন ক্যান্সার সচেতনতায় ২টি পোস্টার অবমুক্ত করা হয়েছে।

বুধবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বাসত্বনে উপাচার্য ড. মো. আখতারুজ্জামান এই স্টার ২টি অবমুক্ত করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন এবং সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতসহ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

ছাত্রলীগের এ উদ্যোগের প্রশংসা করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। তিনি বলেন, ছাত্রলীগের এই ধরনের কাজ অবশ্যই প্রশংসাজনক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ যেন এই ধরনের কাজ অব্যাহত রাখে।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন বলেন, স্তন ক্যান্সার প্রতিকার এবং যৌন নিপীড়ন প্রতিরোধে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ যেই জনসচেতনতামূলক ক্যাম্পেইন চালু করেছে, সেটি সমগ্র বাংলাদেশে ছড়িয়ে যাওয়া

প্রয়োজন। আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এটি শুরু করেছি।

সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত বলেন, সমাজ যে বিষয়ে কথা বলা ‘অস্বত্ত্বিকর’ মনে করে বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সচেতনতামূলক প্রচারণার শুরু সেখান থেকেই। শিক্ষার্থী তথা এ দেশের স্বার্থে আমাদের ইতিবাচক কার্যক্রম অব্যাহত থাকবে।

উপাচার্যের বাসভবন ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (ডুজা) কার্যালয়ে পোস্টার ২টি উন্মোচন করা হয়।

এ সময় ঢাবি ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন, সম্পাদক তানভীর হাসান সৈকত, ডুজার সভাপতি মামুন তুষার, সহ-সভাপতি আল সাদি ভুঁইয়াসহ সমিতির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023